নেককার ব্যক্তিরা একে একে চলে যাবেন। আর যব ও খেজুরের অব্যবহৃত অংশের মতো কেবল নিকৃষ্টরাই পড়ে থাকবে। আল্লাহ এদের প্রতি মোটেই পরোয়া করবেন না।

মিরদাস আসলামী রাদিয়াল্লাহু আনহু থেকে মরফূ হিসেবে বর্ণিত, “নেককার ব্যক্তিরা একে
একে চলে যাবেন। আর যব ও খেজুরের অব্যবহার্য অংশের মতো নিকৃষ্ট পড়ে থাকবে। আল্লাহ
এদের প্রতি পরোয়া করবেন না।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সংবাদ দিচ্ছেন যে, শেষ যামানায় আল্লাহ তাআলা নেককার ব্যক্তিগণের রূহসমূহ উঠিয়ে নিবেন। তারপর এমন কতক মানুষ থাকবে যাদের আল্লাহ কোনো মর্যাদা দিবেন না, তাদের জন্য কোনো ওজন স্থাপন করবেন না, তাদের কোন দয়া করবেন না এবং তাদের ওপর রহমত বর্ষণ করবেন না। আর তারা হলো আল্লাহ তাআলার নিকট নিকৃষ্ট সৃষ্ট এবং তাদের ওপরই কিয়ামত সংঘটিত হবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3121